সমকাল

তারিখ ... 03 NOV 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# অস্ত্রধারী ছাত্রলীগ নেতাদের বিরুদ্ধে অ্যাকশন শুরু

## —— ওবায়দুল কাদের

■ নারায়ণগঞ্জ প্রতিনিধি

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, 'আমাদের দলের নেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনা কোনো অপরাধীকে ছাড় দিচ্ছেন না। গুলিস্তানে হকার উচ্ছেদের সময় যাদের হাতে অস্ত্র ছিল ওইসব ছাত্রলীগ নেতার বিরুদ্ধে অ্যাকশন শুরু হয়ে গেছে। এখানে কে কোন দলের সেটা দেখা হবে না। এখানে দেখা হবে অপরাধী কে, আর অপরাধ কী।' তিনি বলেন, ৩ জন মন্ত্রী দুদকের মামলায় বিচারের সম্মুখীন। একজন এমপির ৩ বছর জেল হয়েছে। এতেই বোঝা যায় প্রধানমন্ত্রী কোনো অপরাধকে ছাড় দিচ্ছেন না;

গতকাল বুধবার বিকেলে নারায়ণগঞ্জের ফতুল্লা খান সাহেব ওসমান আলী জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে 'স্পেশাল অলিম্পিক সেকেন্ড সাউথ এশিয়ান ইউনিফাইড ক্রিকেট ২০১৬'-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

এ টুর্নামেন্টে স্বাগতিক বাংলাদেশ ছাড়াও ভারত, পাকিস্তান ও শ্রীলংকার বুদ্ধিপ্রতিবন্ধী খেলোয়াড়রা অংশ নিচ্ছেন। টুর্নামেন্টটি ২ থেকে ৬ নভেম্বর পর্যন্ত বিকেএসপিতে অনুষ্ঠিত হবে। উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকার প্রতিবন্ধীদের স্কুল বিউটিফুল মাইন্ডসহ আরও স্কুলের শিক্ষার্থীরা মনোমুগ্ধকর শারীরিক কসরত প্রদর্শন করেন।

আওয়ামী লীগের সম্মেলনে নির্বাচনী প্রস্তুতি ও আগাম নির্বাচন প্রসঙ্গে বলেন, এই মুহূর্তে আমরা দেশি-বিদেশি কোনো চাপ অনুভব করছি না। বাংলাদেশে আন্দোলনের কোনো চিহ্ন আর নেই। সংবিধান অনুযায়ী যথাসময়েই নির্বাচন হবে। আপনারা যে যেভাবেই বলেন, নির্বাচন যখনই হোক বিএনপিও নির্বাচনে আসবে।

নারায়ণগঞ্জের কোনো প্রতিনিধিত্ব কেন্দ্রীয় কমিটিতে বা মন্ত্রিসভায় ■ পৃষ্ঠা ৪ : কলাম ৮

## অস্ত্রধারী ছাত্রলীগ

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

নেই- এমন প্রশ্নের জবাবে ওবায়দুল কাদের বলেন, ঢাকার মধ্যেই নারায়ণগঞ্জ। কেন্দ্রীয় প্রতিনিধিত্ব কোনো অঞ্চলভিত্তিক নয়। স্পেশাল অলিম্পিক সেকেন্ড সাউথ এশিয়ান ইউনিফাইড ক্রিকেট ২০১৬-এর চেয়ারম্যান শামীম মতিন চৌধুরীর সভাপতিত্বে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া উপমন্ত্রী আরিফ খান জয়, জেলা প্রশাসক রাব্বি মিয়া, পুলিশ সুপার মঈনুল হক প্রমুখ।